দুরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা
## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
## কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং - তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৬৫ সময়ঃ বেলা ৩.৩০ টা
তাং - ২৯।০৭।২০২৫ স্হানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৬৪নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।
(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৫) নামজারিকরনের অনুমোদন।
(৬) বিবিধ।

মধ্যমগ্রাম পৌরসভা ★ উত্তর ২৪পরগনা ★ মধ্যমগ্রাম

**উপস্থিতিঃ**

- পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
- উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

- মহঃ নজরুল ইসলাম
- মাসতুরা সাহানি
- মহঃ জুম্মান আলী
- শ্রীমতী মমতা রায় সেন
- শ্রীমতী অনিতা মুখার্জী
- শ্রীমতী কনিকা দেবনাথ
- শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
- শ্রী সুভাষ ব্যানার্জী
- শ্রীমতী সুমিতা ঘোষ
- শ্রী অরবিন্দ মিত্র
- শ্রীমতী অন্তরা মজুমদার
- শ্রীমতী পিঙ্কি ঘোষ
- শ্রী সুশান্ত রায়
- শ্রী কিশোর কুমার রায়
- শ্রীমতী রাধারানী দত্ত
- শ্রী সুব্রত দাস
- শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
- শ্রী অলোক সাহা
- শ্রীমতী বৈশালী ব্যানার্জী
- শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- শ্রী সঞ্জয় মন্ডল
- শ্রী অরুপ কুমার ঘোষ
- শ্রীমতী সুতপা ব্যানার্জী
- শ্রী সুকুমার মন্ডল

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাত- নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন নিকাশী ব্যবস্হার জন্য প্রতিবছর নতুন কংক্রিটের ড্রেন হচ্ছে। ভারী বর্ষা হলেই জলযন্ত্রনা হচ্ছে। দীর্ঘ সময় ধরে জল জমে থাকছে। ড্রেন তৈরী করার সময় Contractor রা Outfall, Levelling ঠিকমতো করে করছে না। মনে হয় কাজের তদারকি ঠিকমতো হচ্ছে না। পরিকল্পনার কোন অভাব আছে কিনা সেটাও দেখা দরকার। আরো বলেন রাস্তার ক্ষেত্রেও একই অবস্হা। একবছর যেতে না যেতেই পীচ উঠে যাচ্ছে। পীচের বদলে নতুন একধরনের দ্রব্যাদি ব্যবহার করা হচ্ছে। তার গুনমান কতটা সেটাও দেখা দরকার। রাস্তা ও ড্রেন তৈরীর সময় দপ্তরগত ইঞ্জিনিয়ারদের আরো নজর দেওয়ার জন্য আবেদন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন এবার প্রচুর বৃষ্টি হচ্ছে। আপনি ওয়ার্ডের নাম বললেন না। ড্রেনগুলি KMDA - র ইঞ্জিনিয়ারদের তত্বাবধানে নির্মিত হয়েছে। পরিকল্পনার কোন অভাব নেই। OUTFALL ও LEVELLING ধরেই করা হয়। মধ্যমগ্রামের নাগরিকরা এখন জল যন্ত্রনা হতে অনেকটা মুক্ত। ওয়ার্ড নং ১৩,১৪,১৫ এবং ৩,৭,৮,৯,২৫ এর কিছু নীচু জায়াগায় জল জমে। KMDA তে প্রস্তাব পাঠিয়েছি। অনুমোদন হয়ে আসলে আশাকরি সমস্যা মিটে যাবে। ৪নং ও ১০নং ওয়ার্ডে আগে জল জমতো। JNNURM তহবিলের ড্রেন হওয়ায় এখন জমে না। উপ-পৌরপ্রধান সহ সকল কাউন্সিলররাই নিকাশী সমস্যার সমাধানে সচেষ্ট ছিলেন। ভারী বৃষ্টির ফলে নোয়াই ও CC1 ছাপিয়ে গেছে। হৃদয়পুর হতে সাজিরহাট এবং সোদপুর রোড, বাদু রোড, যশোহর রোডের দুই ধারে হাইড্রেন করার ফলে নিকাশী সমস্যার অনেক উন্নতি হয়েছে। চারদিন আগে নিকাশী সমস্যা নিয়ে KMDA - র ইঞ্জিনিয়ারদের সাথে সভা করেছি। তারা কিছু প্রস্তাব দিয়েছে। কোথায় এবং কি সমস্যা যদি জানতে পারেন তাহলে বলুন। সমাধান করা হবে। নিম্নমানের সামগ্রী দিয়ে রাস্তার কাজ হচ্ছে বলছেন তা ঠিক নয়। বর্ষার সময় পিচ ওঠে। ১৩নং ওয়ার্ডে একটি রাস্তা ১ ফুট বালি দিয়ে উঁচু করে Block বসাতে বলেছি। আমাদের ইঞ্জিনিয়ার রা কাজ দেখছেন। আগামী দিনে আরো নজর দিতে বলবো।

শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক বলেন রেললাইন পারাপারের সময় সাধারণ নাগরিক বিশেষ করে বয়স্ক ও ছাত্র/ছাত্রীদের ভীষন অসুবিধা হচ্ছে। ফুটপাতে দোকান বসে আছে। Toto / Van ফুটপাতে দাঁড়িয়ে থাকছে। সমস্যা সমাধানে ব্যবস্হা নেওয়ার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন রেলের জায়গায় পুরসভা সরাসরি হস্তক্ষেপ করতে পারে না। ওখানে বোর্ড লাগানো আছে।

শ্রী অলোক সাহা ও বৈশালী ব্যানার্জী বলেন দিনদিন সমস্যা দীর্ঘতর হচ্ছে। প্রশাসনিক ভাবে কোন ব্যবস্হা নেওয়ার জন্য অনুরোধ করেন।

শ্রী সঞ্জয় মন্ডল বলেন আপনারা যখন পৌরবোর্ড চালিয়েছিলেন তখন ইচ্ছেমতো দোকান বসিয়েছিলেন। তখন থেকেই সমস্যার শুরু।

মাননীয় উপ পৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় বলেন ওখানে ব্যবসা করতো না এমন অনেক কেও দোকান দেওয়া হয়েছে। ফলে সমস্যা বাড়ছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Foot Over Bridge ব্যবহার করতে হবে। রেল এবং পুলিশ প্রশাসন ও Traffic কে বলবো বিষয়টি দেখার জন্য যাতে নাগরিকরা স্বচ্ছন্দে চলাফেরা করতে পারে।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৬৪ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্হিত সকল সদস্য কোনপ্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৬৪নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্হায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন ADP 25 - 26 এর কাজের list এখনো যে সকল কাউন্সিররা জমা দেন নি তাদের আগামী ১৫ দিনের মধ্যে জমা দিতে বলেন। গতবারের ১৭ টা কাজ শুরু না হওয়ায় Contractor দের সাথে সভা করা হয়েছে। ১০ টা কাজ শুরু হয়েছে। যাদের এখনো শুরু হয় নি তাদের লিখিতভাবে দিতে বলেন। ২৭টি কাজের তহবিল সহ NIT অনুমোদনের প্রস্তাব দেন।

শ্রী অরুপ কুমার ঘোষ বলেন NIT গুলি কোন সালের কাজ।

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন 2024 - 25 এবং 2025 - 26 সালের।

শ্রী অন্তরা মজুমদার বলেন সোদপুর রোডের Divider এর দুই পাশ Maintain যেমন হয় তেমন যশোহর রোডের Divider এর Maintain হয় না। এটা দেখা দরকার।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Jessore Road যারা দেখাশোনা করেন সেই National Highway Division এর আধিকারিকদের চিঠি করা হবে।

সভায় দীর্ঘ আলোচনা শেষে নিম্নলিখিত NIT গুলি তহবিল সহ অনুমোদিত হল।

(1) WBMAD/MM/NIT-15e/2024-25 (3rd Call) dt.16.07.25 Sl. No. : 1
Amount : 314471.00, Fund : ADP 24-25 WW

(2) WBMAD/MM/NIT-11e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 2874591.00, Fund : DMA 25-26

(3) WBMAD/MM/NIT-11e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 2
Amount : 7186550.00, Fund : DMA 25-26

(4) WBMAD/MM/NIT-11e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 3
Amount : 6332952.00, Fund : DMA 25-26

(5) WBMAD/MM/NIT-11e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 4
Amount : 4851272.00, Fund : DMA 25-26

(6) WBMAD/MM/NIT-11e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 5
Amount : 7605954.00, Fund : DMA 25-26

(7) WBMAD/MM/NIT-11e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 6
Amount : 7016009.00, Fund : DMA 25-26

(8) WBMAD/MM/NIT-12e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 7018307.00

(9) WBMAD/MM/NIT-13e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 8689327.00, Fund : ADP 25-26 15th FC Tied

(10) WBMAD/MM/NIT-14e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 160946.00, Fund : Ward Development

(11) WBMAD/MM/NIT-14e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 2
Amount : 346710.00, Fund : Ward Development

(12) WBMAD/MM/NIT-14e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 3
Amount : 407256.00, Fund : BEUP

(13) WBMAD/MM/NIT-14e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 4
Amount : 932700.00, Fund : ADP 25-26

(14) WBMAD/MM/NIT-14e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 5
Amount : 638344.00, Fund : ADP 25-26

(15) WBMAD/MM/NIT-15e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 732957.00, Fund : ADP 25-26

(16) WBMAD/MM/NIT-15e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 2
Amount : 499200.00, Fund : ADP 25-26

(17) WBMAD/MM/NIT-16e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 3088571.00, Fund : ADP 25-26

(18) WBMAD/MM/NIT-16e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 2
Amount : 2888709.00, Fund : ADP 25-26

(19) WBMAD/MM/NIT-17e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 2119669.00, Fund : ADP 25-26

(20) WBMAD/MM/NIT-17e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 2
Amount : 1264006.00, Fund : ADP 25-26

(21) WBMAD/MM/NIT-18e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 476720.00, Fund : ADP 25-26

(22) WBMAD/MM/NIT-18e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 2
Amount : 229587.00, Fund : ADP 25-26

(23) WBMAD/MM/NIT-19e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 1
Amount : 852215.00, Fund : BEUP

(24) WBMAD/MM/NIT-19e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 2
Amount : 588848.00, Fund : BEUP

(25) WBMAD/MM/NIT-19e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 3
Amount : 479846.00, Fund : BEUP

(26) WBMAD/MM/NIT-19e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 4
Amount : 611186.00, Fund : MPLADS

(27) WBMAD/MM/NIT-19e/2025-26 dt. 16.07.25 Sl. No. : 5
Amount : 345536.00, Fund : MPLADS

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন পানীয় জল ও বিদ্যুৎ নিয়ে উপস্থিত সদস্যদের বলতে বলেন।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন সোদপুর রোডের বাদামতলা ও সাজিরহাটে আলো আছে। মাঝখানে আলোর সমস্যা হচ্ছে। প্রায়ই দুর্ঘটনা ঘটছে। ওখানকার ব্যবসায়ী এবং নাগরিকরা যৌথভাবে আমার কাছে এসেছিলেন একটা আলোর ব্যবস্থা করার জন্য। বাদামতলা ও সাজিরহাটের মাঝে একটা আলোর ব্যবস্থা করার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন আলোর সমস্যা থাকলে নিশ্চয়ই ব্যবস্থা হবে। ওখানে কোন POLE থাকলে ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী অলোক সাহা বলেন বেশ কিছুদিন ঘোলা পানীয় জল এসেছে। শুনলাম DVC জল ছেড়েছে বলে ওরকম হয়েছে। এখন স্বাভাবিক হয়েছে। ভবিষ্যতে যাতে সমস্যা না হয় তার ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন করেন।

শ্রী অরুপ কুমার ঘোষ Pump Operator দের একটি করে Rain Coat দেওয়ার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ইনটেক পয়েন্ট টিটাগড়। ৪টি মোটর আছে। ৩ টি চলছে। DVC জল ছাড়ায় জলের রঙ পরিবর্তন হয়েছে। জল পরিশোধন করেই ছাড়া হয়েছে। Reservoir গুলো ধারাবাহিক ভাবে পরিষ্কার করা হবে। আপনি Pump চালাতে বলেছিলেন, Pump চালানো হয়েছিল। ১২ নং ওয়ার্ডেও Pump চালানো হয়েছিল। এখন স্বাভাবিক হয়ে গেছে। ইলেকট্রিক দ্রব্যাদি ক্রয় করার জন্য ৬টি Work Order অনুমোদনের প্রস্তাব দেন। Pump Operator দের Rain Coat এর বিষয়ে ভাবনাচিন্তা করা হবে বলে জানান।

সভায় আলোচনা শেষে ৬টি Work Order তহবিল সহ অনুমোদিত হলঃ-

(i) MM/Electric/14/2025-26, dt. 24/07/25, Fund : ADP (24-25), Amount : Rs. 1201500.00

(ii) MM/Electric/15/2025-26, dt. 24/07/25, Fund : ADP (24-25), Amount : Rs. 622190.00

(iii) MM/Electric/16/2025-26, dt. 24/07/25, Fund : ADP (24-25), Amount : Rs. 414214.00

(iv) MM/Electric/17/2025-26, dt. 24/07/25, Fund : ADP (24-25), Amount : Rs. 422500.00

(v) MM/Electric/18/2025-26, dt. 25/07/25, Fund : ADP (24-25), Amount : Rs. 790739.00

(vi) MM/Electric/18/2025-26, dt. 25/07/25, Fund : ADP (24-25), Amount : Rs. 546900.00

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন মশাবাহিত রোগ প্রতিরোধে কাজ চলছে। এখনও পর্যন্ত Control এর মধ্যে আছে। বর্ষা হচ্ছে। জল জমবে। ফলে আগামীদিনে সমস্যা হতে পারে। আপনারা সার্ভে কর্মী ও সুপারভাইজারদের কাজের তদারকি করবেন। গাপ্পী মাছ খুব শীঘ্রই পাওয়া যাবে। আপনাদের সঠিক সময়ে জানিয়ে দেওয়া হবে। প্রতিবার সকালে যেমন সুপারভাইজার সহ কর্মী পাঠিয়ে দেন এবারও তেমন পাঠাবেন। গাপ্পী মাছ যেখানে ছাড়া হবে সেই জায়গাগুলো লিখে পাঠাবেন এবং জায়গাগুলো পরিষ্কার থাকতে হবে।

(৫) নামজারিকরণের অনুমোদনঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী ৫৩২ টি নামজারিকরণের আবেদন পত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ

-

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) BPL পরিবারভুক্ত মৃত ব্যক্তির পরিবারের পক্ষ থেকে National Family Benefit Scheme (NFBS) প্রকল্পে এককালীন অনুদানের যে একটি আবেদনপত্র (আবেদনকারী শ্রীমতী মমতা কর্মকার) জমা হয়েছে তা অনুমোদিত হল এবং উক্ত আবেদনপত্রটি মাননীয় জেলাশাসক, উত্তর ২৪ পরগনা এবং SUDA -র কাছে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) পৌরসভার বিল্ডিং প্ল্যান কমিটির সর্ব্বসম্মত সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত আবেদনকারীদের LBS - I এবং LBS - II হিসাবে স্বীকৃতি দেওয়া হল।

| Sl. No. | Name | User Type |
|---|---|---|
| 1 | Soma Dutta | LBS - I (From LBS - II to I) |
| 2 | Susanta Paul | LBS - I (From LBS - II to I) |
| 3 | Subhajit Paik | LBS - I (From LBS - II to I) |
| 4 | Sanat Roy | LBS - I (From LBS - II to I) |
| 5 | Turja Biswanghri | LBS - I (From LBS - II to I) |
| 6 | Apurba Kumar Ghosh | LBS - I (From LBS - II to I) |
| 7 | Sankar Kumar Dey | LBS - I (From LBS - II to I) |
| 8 | Amit Kumar Saha | LBS - I (New) |
| 9 | Tridip Kumar Kar | LBS - I (New) |
| 10 | Sujit Kumar Dutta | LBS - I (New) |
| 11 | Sourya Brata Chatterjee | LBS - I (New) |
| 12 | Minarjul Haque | LBS - I (New) |
| 13 | Ashim Kumar Saha | LBS - I (New) |
| 14 | Sukannya Ghosh | LBS - II (New) |
| 15 | Snaha Ghosh | LBS - II (New) |
| 16 | Arunava Saha | LBS - II (New) |
| 17 | Prosen Dhar | LBS - II (New) |

(৩) পৌরসভার Covered High Drain গুলি দ্রুত পরিষ্কারের জন্য একটি Sucction Cum Jetting Machine ক্রয় করা হবে। সমগ্র ব্যয় 15th FC (Tied) তহবিল হতে করা হবে।

(৪) মশাবাহিত রোগ ডেঙ্গু প্রতিরোধে কর্মরত মহিলাদের বর্ষার সময় কাজের অসুবিধা যাতে না হয় সেজন্য তাদের একটি করে ছাতা পৌরসভার পক্ষ থেকে দেওয়া হবে। সমগ্র ব্যয় পৌর তহবিল হতে করা হবে।

(৫) পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের নির্দেশানুযায়ী আগামী ২রা আগষ্ট হতে ৩রা নভেম্বর ২৫ পর্যন্ত "আমাদের পাড়া আমাদের সমাধান" কর্মসূচী পালন করা হবে। তিনটি বুথ পিছু একটি Camp হবে। প্রতি বুথে উন্নয়নের জন্য ১০ লক্ষ টাকা করে বরাদ্দ হয়েছে। ১৬টি কাজ আছে। বুথের নাগরিকরা এসে প্রথমে নাম নথিভুক্ত করবেন তারপর নিজেদের এলাকায় কি কাজ করা দরকার তা বলবেন। উপস্থিত নাগরিকদের মধ্যে একজন নিরপেক্ষ প্রতিনিধি তৈরী হবে। তিনি কাজের priority ঠিক করে দেবেন। সমগ্র বিষয়টি সরকারী portal এ নথিবদ্ধ করা হবে।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

নিমাই ঘোষ

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪পরগনা
মধ্যমগ্রাম